# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

**Any Information For S.S.C Reg. Log on www.rajshahieducationboard.gov.bd**

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: বিনি-৭/২০১৭-২০১৮ তারিখ: ০৫/০৪/২০১৭ খ্রি:

**বিষয় ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকাকে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী যারা ২০১৯ সালে এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করবে সেসব শিক্ষার্থীদের নিবন্ধনের নামের তালিকা ও টিটি রশিদ/মানি রশিদ/কস্ট মেমো অত্র বোর্ডে জমাদান প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকাকে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী যারা ২০১৯ সালে এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করবে সেসব শিক্ষার্থীদের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ১৯৫/- টাকা হারে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী, হিসাব নম্বর SND ৩৬০০০০৬৮ শুধুমাত্র সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী বরাবর প্রদানের সোনালী ব্যাংক সোনালী সেবার টিটির রশিদ/মানি রশিদ/কস্ট মেমো (সংশ্লিষ্ট শাখার অফিসারের নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) সংগ্রহ করে এবং প্রতিষ্ঠান প্রতি বাংলাদেশ স্কাউট রাজশাহী অঞ্চলের মেম্বার শীপ ফি (বিশ্বস্কাউটস সংস্থার) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা প্রদানের মূল রশিদ হিসাব আয় শাখায় জমা করতঃ স্বাক্ষরিত কপি মাধ্যমিক নিবন্ধন শাখায় জমার তারিখ নির্ধারণ করা হলো।

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকা ও টিটি/মানি রশিদ/কস্ট মেমো জমাদানের তারিখ নিম্নে প্রদত্ত হল।**

| ক্রমিক নং | জেলার নাম | টিটি/এমটি/ কস্ট মেমো করার তারিখ | টিটি/এমটি এবং শিক্ষার্থীদের তালিকা জমার তারিখ | বিলম্ব ফি সহ টিটি/এমটি জমার শেষ তারিখ | অনলাইনে নিবন্ধন করার তারিখ | হার্ডকপি জমার তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১. | বগুড়া | **২৫/০৪/২০১৭** সকল জেলার জন্য প্রযোজ্য | ১৪/০৫/২০১৭ | **০৮/০৫/২০১৭** সকল জেলার জন্য প্রযোজ্য | ১৮/০৫/২০১৭ হতে ১৮/০৭/২০১৭ | ২৩/০৭/২০১৭ |
| ০২. | জয়পুরহাট নওগাঁ | | ১৫/০৫/২০১৭ | | | ২৪/০৭/২০১৭ |
| ০৩. | সিরাজগঞ্জ | | ১৬/০৫/২০১৭ | | | ২৫/০৭/২০১৭ |
| ০৪. | পাবনা | | ১৭/০৫/২০১৭ | | | ২৬/০৭/২০১৭ |
| ০৫. | রাজশাহী | | ১৮/০৫/২০১৭ | | | ২৭/০৭/২০১৭ |
| ০৬. | নবাবগঞ্জ নাটোর | | ২১/০৫/২০১৭ | | | ৩০/০৭/২০১৭ |

অন-লাইনে নিবন্ধন করার ক্ষেত্রে পূর্বের পাসওয়ার্ড বহাল থাকবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে হেল্প-লাইন সহায়তার জন্য ০১৭১১-৩৪৮১১২, ০১৭২০-৪৬৬৫৭৪, নম্বরগুলোতে যোগাযোগ করা যেতে পারে।

## দৃষ্টি আর্কষণ:

(ব্যাংক ড্রাফ্ট গ্রহণযোগ্য নয়। সোনালী ব্যাংক এর টিটি/মানি রশিদ/কস্ট মেমো ছাড়া অন্য কোন ব্যাংকের টিটি/মানি রশিদ/কস্ট মেমো গ্রহণ করা হবে না।)

উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের তালিকা কম্পিউটারে (বাংলা ও ইংরেজিতে) কম্পোজ করে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কম্পিউটারাইজড ফরওয়ার্ডিং এর মাধ্যমে দাখিল করতে হবে। ফরওয়ার্ডিং বিদ্যালয়ের নাম, বিদ্যালয় কোড, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, EIIN নম্বর, টেলিফোন/মোবাইল নম্বর, E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে। হাতের লেখা ফরওয়ার্ডিং গ্রহণ করা হবে না। নিবন্ধন সংক্রান্ত কাজে সহযোগিতা একান্তভাবে কাম্য। নিবন্ধন সংক্রান্ত কোন জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

**টাকা জমা করার বিবরণী ঃ**

১) হার্ড কপির ফটোকপি সহ টাকা জমার রশিদ ও ১ কপি ছক, হিসাব শাখায় জমা দিতে হবে ।

২) মূল হার্ডকপি সহ টাকা জমার রশিদ ও ১ কপি ছক, নিবন্ধন শাখায় জমা দিতে হবে ।

৩) সম্ভব্য তালিকায় ছাত্র/ছাত্রীর নাম ও জন্মনিবন্ধন নম্বর এবং পিতা ও মাতার নামের সাথে জাতীয় পরিচয়পত্রের নম্বর থাকতে হবে।

# নির্দেশাবলী

**১। ভর্তির যোগ্যতা ঃ ৯ম শ্রেণী**

(ক) দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড এর অধীনে অনুষ্ঠিত জে.এস.সি/ জেডিসি/কারিগরি **২০১৪/২০১৫/২০১৬** পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রাজশাহী শিক্ষা বোর্ডের মাধ্যমিক পর্যায়ের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে যে কোন শাখায় ৯ম শ্রেণীর ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

(খ) জে.এস.সি/ জেডিসি/কারিগরি পরীক্ষায় অনুত্তীর্ণ কোন শিক্ষার্থী ৯ম শ্রেণীতে ভর্তির সুযোগ পাবে না।

(গ) ২৮ ফেব্রুয়ারীর মধ্যে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ঘ) **২০১৪/২০১৫/২০১৬** সালের জে.এস.সি/ জেডিসি/কারিগরি পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীদের বয়স ১২ বৎসরের উর্দ্ধে এবং ১৮ বৎসরের কম সীমার মধ্যে থাকলে প্রয়োজনে শিক্ষা বিরতির সনদসহ ৯ম শ্রেণীতে ভর্তি হয়ে নিবন্ধন করতে পারবে।

(ঙ) ২০১৯ সালে এস.এস.সি শিক্ষার্থীদের বয়স ১ জানুয়ারী ২০১৯ তে ১৪ (চৌদ্দ) বছরের উদ্ধে এবং ২০ (বিশ) বছরের নিচে হতে হবে। ( জে.এস.সি/ জেডিসি/কারিগরি তথ্য অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিবন্ধন সম্পন্ন করতে হবে)।

(চ) নিজ নাম, পিতার নাম ও মাতার নাম জে.এস.সি/ জেডিসি/কারিগরি বোর্ডের রেজিস্ট্রেশন সংশোধন সাপেক্ষে ৯ম শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করা যাবে।

**২। বিদ্যালয় পরিবর্তন ঃ**

(ক) ৯ম শ্রেণীতে ১ মার্চ থেকে ৩১শে জুলাই ২০১৭ এবং ১০ম শ্রেণীতে ১ জানুয়ারী হতে ৩০শে জুন ২০১৮ এর মধ্যে এ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(খ) তবে শুধুমাত্র সরকারি/আধা-সরকারি/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবী পিতা বা মাতার বদলীজনিত কারনে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে।

**৩। ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের নিকট থেকে বোর্ডে জমা দেয়ার লক্ষ্যে নিম্নের ছকে বর্ণিত অনুমোদিত ফি গ্রহণ করতে হবে।**

| ক্রমিক নং | বিবরণ | পরিমান | |
|---|---|---|---|
| ০১. | রেজিস্ট্রেশন ফি | ১০০/- | বিজ্ঞান ,মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা ১৯৫/-টাকা |
| ০২. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ১০/- | |
| ০৩. | ক্রীড়া ফি | ৩০/- | |
| ০৪. | স্কাউট ফি (বয় স্কাউট ফি/গার্লস গাইড ফি) | ১৫/- | |
| ০৫. | জাতীয় অন্ধ কল্যাণ ফি | ৫/- | |
| ০৬. | যুব রেড ক্রিসেন্ট ফি | ২০/- | |
| ০৭. | সাংস্কৃতিক ফি | ১০/- | |
| ০৮ | বিএনসিসি ক্যাডেট প্রশিক্ষণ ও কল্যাণ ফি | ৫/- | |
| ০৯. | বিলম্ব ফি | ৩৫/- | |
| ১০. | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতিষ্ঠান প্রতি) | ৩০০/- | |

৪। অত্র বোর্ডে টিটি রশিদ/মানি রশিদ/কস্ট মেমো জমা দানের সময় শিক্ষার্থীদের কাছ থেকে স্কাউট/গার্লস গাইড ফি বাবদ আদায়কৃত ৩৫/- টাকা হতে অত্র বোর্ডে জমা ১৫/- টাকা অতিরিক্ত ২০/- টাকা হতে ১৫/- টাকা বিদ্যালয় স্কাউট/গার্লস গাইড তহবিল ৩/- উপজেলা স্কাউট/গার্লস গাইড তহবিল এবং ২/- জেলা স্কাউট/গার্লস গাইড তহবিল সম্পাদক বরাবর জমা পূর্বক বোর্ডে মূল রশিদ দাখিল করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

(ক) শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত তারিখে তাদের জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিদিন ১০০/-(এক শত) টাকা হারে ০৭ (সাত) দিন এবং পরবর্তি সময়ের জন্য সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা প্রদান করতে হবে।

(খ) **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটের অন্যান্য ই-সেবা হতে সোনালী সেবা ক্লিক করলে সোনালী সেবা ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্মে **Registration (eSIF)**/ নিবন্ধন ফিস সিলেক্ট করার পর সম্পূর্ণ ফর্মটি পূরণ করে **NEXT** -এ ক্লিক করতে হবে। **NEXT** -এ ক্লিক করার পর ব্যাংকে টাকা জমা দানের রশিদ পাওয়া যাবে। সেই রশিদ প্রিন্ট করে প্রিন্ট কপিসহ ব্যাংক-এ টাকা জমা দিতে হবে।

দেবাশীষ রঞ্জন রায় (৮৬০১)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নম্বর- ১২৮/১-বিনি/৬(২)৩য় খন্ড/(৩০০০) তারিখ: ০৫/০৪/২০১৭ খ্রি:

প্রাপক : রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :**

১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/সিনিয়র সিস্টেমএনালিস্ট/প্রধান মূল্যায়ন অফিসার/দায়িত্ব প্রাপ্ত শাখা কর্মকর্তা, পত্রগ্রহণ শাখা/ সংস্থাপন শাখা/বৃত্তি শাখা ও সিলেবাস শাখা/ নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড।
২। একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড।
৩। ম্যানেজার, সোনালী ব্যাংক, গ্রেটার রোড শাখা, লক্ষীপুর, রাজশাহী।
৪। বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চল, নওদাপাড়া, রাজশাহী।

দেবাশীষ রঞ্জন রায় (৮৬০১)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Any Information For S.S.C Reg. Log on www.rajshahieducationboard.gov.bd

## মাধ্যমিক নিবন্ধন সংক্রান্ত হিসাব ছক

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৯ম শ্রেণীর নিবন্ধন সংক্রান্ত ফিসের বিবরণ

বিদ্যালয়ের নাম .................................................................... বিদ্যালয়ের কোড নম্বর ............................................. ডাকঘরের নাম ..................................................

উপজেলার নাম .................................................................. উপজেলা কোড নম্বর .......................................... জেলার নাম .................................................................

জেলা কোড নম্বর ...................................................................... মোবাইল নম্বর ................................................. উ-গধরষ অফফৎবংং্ ..

| শিক্ষার্থীর সংখ্যা | | মোট সংখ্যা | নিবন্ধন ফিস | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ক্রীড়া ফি | বয় স্কাউট ফি | গার্লস গাইড ফি | বিলম্ব ফি | জাতীয় অন্ধ কল্যাণ ফি | যুব রেড ক্রিসেন্ট ফি | সাংস্কৃতিক ফি | বিএনসিসি ক্যাডেট প্রশিক্ষণ ও কল্যাণ ফি | বিদ্যালয় ক্রীড়া ফি | সর্বমোট | টিটি/এমটি/ব্যাংক রশিদ নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | প্রতি বিদ্যালয়ের ফি | | | |
| | | ০১ | ১০০/- | ১০/- | ৩০/- | ১৫/- | | ৩৫/- | ৫/- | ২০/- | ১০/- | ৫/- | ৩০০/- | | | |
| | | | | | | | | | | | | | | | | |

উল্লেখ্য স্কাউট ফিস শিক্ষার্থী প্রতি ৩৫/-(পঁয়ত্রিশ) টাকা আদায় করতঃ অত্র বোর্ডে জমা ১৫/-(পনের) টাকা, অতিরিক্ত ২০/-(বিশ) টাকা থেকে ১৫/-(পনের) টাকা বিদ্যালয় স্কাউট তহবিল, ৩/-(তিন) টাকা উপজেলা স্কাউট তহবিল,২/-(দুই) টাকা জেলা স্কাউট তহবিল সম্পাদক বরাবর জমাপূর্বক বোর্ডে মূল রশিদ দাখিল করতে হবে।

**১০৯তম সভার অর্থ কমিটির সুপারিশক্রমে ও ২১৪ তম বোর্ডসভার অনুমোদনক্রমে ১৫ নম্বর আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত দিনে তাদের জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিদিন বিলম্বের জন্য ১০০/- (একশত) টাকা জরিমানা প্রদান করতে হবে।**

প্রধান শিক্ষক /স্বাক্ষর ও সীল